# আদর্শের জয়

-ড: গুনেন্দু বিকাশ ভট্টাচার্য

বয়সটা তখন বছর উনিশ
সাল উনিশশ উনসত্তর
সবে সুকান্তর 'আঠারো বছর বয়স'
পড়া শেষ।
মনে অফুরন্ত জিজ্ঞাসা
কিছুটা উদ্‌ভ্রান্ত।
পাড়ার ক্লাবে যেমন রোজ যাই
সেদিনও গিয়েছি।
আচমকা আমার এক অধ্যাপক
ডেকে বল্লেন -
আসছে কাল ছুটির দিন
পারলে সকাল দশটা নাগাদ
আমার বাড়ীতে এস।
মান্যতা রেখে গিয়েছি উনার বাড়ীতে
সামনের ঘরটা আধিক্য হীন
ছিম ছাম সাজানো।
আরও কয়েক জন হাজির সেখানে
আমরা সবাই একই কলেজের ছাত্র।
আলোচনা চলল ঘন্টা দুই
বক্তা একজন - অধ্যাপক।
মাথা ভার নতুন শিক্ষায়
সমাজটা বুর্জোয়া
একে পাল্টে দিতে হবে
বন্দুকের নলই ক্ষমতার উৎস।
আরো কয়েকবার গিয়েছি সেখানে
যোগ দিয়েছি মিটিং, মিছিলে
এতটাই, আর কিছু নয়
মন্ত্রগুপ্তির শপথ নেওয়া ছিল বাকি।
স্বপ্নটা বেশি দিন টেকেনি
কলেজের অধ্যক্ষ ছিলেন সত্যনিষ্ঠা আদর্শবাদী
উগ্রপন্থার সাথে ছিল তার আজন্ম বিবাদ।
অপরাধীকে শাস্তি দিতে হুক তৈরী
পারিনি তা মেনে নিতে
ফিরে এলাম আদর্শের পায়ে
প্রণাম জানাতে।